

# যুগান্তর

প্রিন্ট: ১৭ জুলাই ২০২৫, ১০:১৭ এএম

শিক্ষাঙ্গন

## জুলাই শহীদ দিবসে ঢাবিতে দোয়া মাহফিল অনুষ্ঠিত



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ১৬ জুলাই ২০২৫, ০৯:৩৫ পিএম



জুলাই বিপ্লবে শহীদ ছাত্র-জনতার স্মরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বাদ আসর জাতীয় বিপ্লবী পরিষদ ও বিপ্লবী ছাত্র পরিষদ এ মাহফিলের আয়োজনে করে। এতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মসজিদের সিনিয়র ইমাম ও খতিব হাফেজ নাজীর মাহমুদ মোনাজাত পরিচালনা করেন।

এ সময় উপস্থিত ছিলেন- জাতীয় বিপ্লবী পরিষদের যুগ্ম আহ্বায়ক সাইয়েদ কুতুব, বিপ্লবী ছাত্র পরিষদের আহ্বায়ক আবদুল ওয়াহেদ, সদস্য সচিব ফজলুর রহমান, সহকারী সদস্য সচিব জিহাদী ইহসান, ঢাকা আলিয়া শাখার আহ্বায়ক রাকিব মন্ডল, সদস্য সচিব মো. জিনাত হোসেন প্রমুখ।

এর আগে সোমবার সকাল সাড়ে ৬টায় জাতীয় বিপ্লবী পরিষদ ও বিপ্লবী ছাত্র পরিষদ নেতারা রায়েরবাজার কবরস্থানে জুলাই গণহত্যার শহীদদের কবর জিয়ারত করেন।

এ সময় উপস্থিত ছিলেন জাতীয় বিপ্লবী পরিষদের সহকারী সদস্য সচিব আব্দুস সালাম, কেন্দ্রীয় সদস্য আবাস্তামি ও বিপ্লবী ছাত্র পরিষদের আহ্বায়ক আবদুল ওয়াহেদ। মোনাজাত পরিচালনা করেন স্থানীয় মসজিদের ইমাম এনামুল হাসান।



Takyon E-bike (brand)  
৳ ২,০০০ (৳০০০০০)

৳ ৪,০০০ (৳০০০০০)

